দর্শনায় ট্রেনের ইঞ্জিনের ধাক্কায় আহত বাইসাইকেল আরোহীর মৃত্যু

চুয়াডাঙ্গার দর্শনায় চলন্ত মালবাহী ভারতীয় ট্রেনের ইঞ্জিনে বাইসাইকেল চালকের ধাক্কা লেগে মৃত্যু হয়েছে। গত রবিবার বিকাল ৫ টায় চুয়াডাঙ্গার দর্শনার শ্যামপুরের আসাদুল মণ্ডল (৬৫) জয়নগর মাঠ থেকে কাজ শেষ করে বাইসাইকেলে রেল লাইনের পাশের রাস্তা দিয়ে বাড়ি ফিরছিলেন।

এসময় দর্শনা বন্দরে আসা একটি মালবাহী ট্রেনের সাথে বাইসাইকেলের ধাক্কা লাগলে সাইকেলসহ কিছুদূর টেনে হেচড়ে যাওয়ার পর খাদে পরে যায়। পরে গুরুতর আহত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। আহত আশাদুল মন্ডল দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের মৃত্য আজিজুল মন্ডলের ছেলে।

পরে তার অবস্থার অবনতি হলে তাকে ফরিদপুরের একটি হাসপাতালে নেয়া হলে রাতে সেখানেই তার মৃত্যু হয়। আজ সোমবার বাদ আছর গ্রামের কবর স্থানে জানাজা শেষে তার দাফন সম্পর্ন হয়।